

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
রিজিওনাল প্ল্যানিং
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.৪৭

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৮

০৯ মে ২০২১

বিষয়: দিঘলিয়া-আড়ুয়া-গাজীরহাট-তেরখাদা সড়কের (জেড-৭০৪০) খুলনা সড়ংকাংশে ১ কিঃ মিঃ-এ ভৈরব ব্রীজ নির্মানের লক্ষ্যে খুলনা জেলার দিঘলিয়া উপজেলার অন্তর্গত ০৪ নং মহেশ্বরপাশা, ১৩ নং দেবনগর ও ১৪ নং দিঘলিয়া মৌজায় ১৭.৪৯ একর/ ৭.০৮ হেক্টর ভূমি অধিগ্রহণের নিমিত্তে নগর উন্নয়ন অধিদপ্তরের ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: সূত্র-০১ঃ তাঁর দপ্তরের স্মারক নং-খুসবি-৩২৮৭, তারিখঃ ২৩/০৩/২০২১

সূত্র-০২ঃ নগর উন্নয়ন অধিদপ্তরের স্মারক নং-২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.১৮, তারিখঃ ২৪/০২/২০২১

সূত্র-০৩ঃ স্মারক নং- খুসবি-২৩০৪, তারিখঃ ১০/০১/২০২১

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা সড়ক বিভাগাধীন দিঘলিয়া-আড়ুয়া-গাজীরহাট-তেরখাদা সড়কের (জেড-৭০৪০) খুলনা সড়ংকাংশে ১ কিঃ মিঃ-এ ভৈরব ব্রীজ নির্মানের লক্ষ্যে খুলনা জেলার দিঘলিয়া উপজেলার অন্তর্গত ০৪ নং মহেশ্বরপাশা, ১৩ নং দেবনগর ও ১৪ নং দিঘলিয়া মৌজায় ১৭.৪৯ একর/ ৭.০৮ হেক্টর ভূমি অধিগ্রহণের নিমিত্তে নগর উন্নয়ন অধিদপ্তরের ছাড়পত্র চেয়ে আবেদন করেছে। আবেদনকৃত জমির মৌজাভিত্তিক তফসিল নিম্নরূপঃ

জেলা	উপজেলা	মৌজার নাম	জে এল নাম্বার	জমির পরিমান (হেক্টর)
খুলনা	দিঘলিয়া	মহেশ্বরপাশা	০৪	২.৮৮
		দেবনগর	১৩	৩.৭৬
		দিঘলিয়া	১৪	০.৪৪
প্রস্তাবিত মোট জমির পরিমান				৭.০৮ হেক্টর

উক্ত আবেদনটি প্রক্রিয়াকরণের জন্য খুলনা আঞ্চলিক কার্যালয় থেকে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। উক্ত পরিদর্শন প্রতিবেদন থেকে দেখা যায় যে, প্রস্তাবিত জমিতে তিনটি ধর্মীয় প্রতিষ্ঠান, একটি সরকারী প্রাথমিক বিদ্যালয়, একটি কবরস্থান, একটি ঈদগাহ, ব্যাংকের কাছে দায়বদ্ধ কিছু গুদাম, ফসলী জমি, নিচু জমি, ব্যবসায়ী প্রতিষ্ঠান, বহুতল আবাসিক ভবন বিদ্যমান। খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের ছাড়পত্র থেকে দেখা যায় যে, ডিটেইল্ড এরিয়া প্ল্যান অনুযায়ী প্রস্তাবিত স্থানে ব্রীজ নির্মানের প্রস্তাব না করে ভিন্ন স্থানে ব্রিজের প্রস্তাব করা হয়েছে এবং পরবর্তিতে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক ডিটেইল্ড এরিয়া প্ল্যান হালনাগাদকালে নির্মিত ব্রীজটি মাস্টার প্লানে অন্তর্ভুক্ত করা হবে। এমতাবস্থায় জনস্বার্থে উক্ত এলাকাটি ব্যবহৃত হবে বিধায় নিম্নলিখিত শর্তসাপেক্ষে উক্ত এলাকা অধিগ্রহণের জন্য নির্দেশক্রমে অনাপত্তিপত্র দেওয়া হলো।

১। পানির স্বাভাবিক প্রবাহ (Natural Drainage) বাঁধাগ্রস্ত করা যাবে না।

২। রাস্তার Right of way সুনির্দিষ্টভাবে চিহ্নিত করতে হবে যেনো Encroachment না হয়।

- ৩। এই ছাড়পত্র জমির মালিকানা নির্দেশ করে না।
- ৪। খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত ছাড়পত্রের শর্তাবলী মান্য করতে হবে।
- ৫। ধর্মীয় স্থাপনা এবং কবরস্থান সম্পর্কিত বিদ্যমান সরকারী আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সংযুক্তিঃ

- ১। মৌজার বিস্তারিত তফসিল।
- ২। সার্ভে প্রতিবেদন
- ৩। সার্ভে ম্যাপ।
- ৪। মৌজা ম্যাপের উপর এলাকা চিহ্নিত ম্যাপ।
- ৫। ডিটেইন্ড এরিয়া প্ল্যানের ম্যাপ।
- ৬। গুগল ম্যাপ।
- ৭। খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের ছাড়পত্র।

৯-৫-২০২১

কাজী মোঃ ফজলুল হক
সিনিয়র প্ল্যানার

মোঃ আনিসুজ্জামান মাসুদ, নির্বাহী প্রকৌশলী, সওজ সড়ক
বিভাগ, খুলনা।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.৪৭/১(৮)

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৮
০৯ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) সিনিয়র প্ল্যানার, খুলনা আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা
- ৩) সিনিয়র প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (ছাড়পত্রটি দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৪) সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৮) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর

৯-৫-২০২১

ইসরাত জাহান
প্ল্যানার